



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



‘শিল্প-সাহিত্যে মন্বন্তর ও গণহত্যা: একটি নতুন গবেষণা প্রকল্প’ শীর্ষক আলোচনা সভা



১০ সেপ্টেম্বর ২০২৩-রবিবার বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে সাহিত্য-শিল্প বিষয়ক পঞ্চম পর্বে ‘শিল্প-সাহিত্যে মন্বন্তর ও গণহত্যা: একটি নতুন গবেষণা প্রকল্প’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মিল্টন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে আলোচক হিসেবে ছিলেন কলকাতার লেখক, গবেষক, অনুবাদক ও প্রকাশক বিশ্বেন্দু নন্দ, গবেষক ও প্রকাশক বহিহোত্রী হাজরা, কবি অত্রি ভট্টাচার্য এবং পশ্চিমবঙ্গের শ্রীকৃষ্ণ কলেজের অধ্যাপক ড. দেবত্র দে। এসময় বিভাগীয় শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।